**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, এক পেড় মা কে নাম অভিযান মাত্র পাঁচ মাসে ১০০ কোটি গাছ লাগানোর গুরুত্বপূর্ণ মাইলফলক অতিক্রম করেছে।**

**২) রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু বলেছেন, এনসিসির সঙ্গে যুক্ত যুবরা দেশাত্মবোধে উদ্‌বুদ্ধ হয়ে দেশের ঐক্য ও সংহতি রক্ষায় বলিষ্ঠ ভুমিকা পালন করছে ।**

**৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বেচ্ছা রক্তদান রাজ্যে সামাজিক আন্দোলনের রূপ পাচ্ছে।**

*****************************************

**PM-Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, এক পেড় মা কে নাম অভিযান মাত্র পাঁচ মাসে ১০০ কোটি গাছ লাগানোর গুরুত্বপূর্ণ মাইলফলক অতিক্রম করেছে। আকাশবাণীতে আজ তাঁর মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, এই প্রচারে সারা দেশের মানুষ অংশ নিয়েছেন তা লক্ষ্য করে তিনি খুশি হয়েছেন। শ্রী মোদি উল্লেখ করেন, তাঁর সাম্প্রতিক গায়ানা সফরের সময়, রাষ্ট্রপতি ডঃ ইরফান আলী, তার শাশুড়ি এবং পরিবারের অন্যান্য সদস্যরা 'এক পেড় মা কে নাম' প্রচারে তার সাথে অংশ নেন। প্রধানমন্ত্রী উল্লেখ করেন, মধ্যপ্রদেশের ইন্দোরে ২৪ ঘন্টার মধ্যে ১২ লক্ষেরও বেশি গাছ লাগানো সহ বৃক্ষ রোপণের রেকর্ড তৈরি হয়েছে।

আজকের এন সি সি দিবস প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, বর্তমানে দেশে কুড়ি লক্ষেরও বেশি তরুণ-তরুণী এনসিসি-র সঙ্গে যুক্ত আছেন। আগের তুলনায় আরও পাঁচ হাজার নতুন স্কুল-কলেজে এখন এনসিসি-র সঙ্গে যুক্ত হওয়ার সুযোগ বেড়ে গেছে। আগে এনসিসিতে মেয়ে ক্যাডেটের সংখ্যা ছিলো প্রায় ২৫ শতাংশের কাছাকাছি। আর এখন এনসিসিতে মেয়ে ক্যাডেটের সংখ্যাটা প্রায় চল্লিশ শতাংশ হয়ে গেছে। এন সি সি কার্যক্রমের ভূয়সী প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন..................

######BYTE#####

প্রধানমন্ত্রী আরও বলেন, আগামী বছর স্বামী বিবেকানন্দের ১৬২তম জন্মজয়ন্তী উপলক্ষে ১১ থেকে ১২ই জানুয়ারি দিল্লির ভারত মণ্ডপমে তরুণ প্রজন্মের ভাবনা-চিন্তার মহাকুম্ভ আয়োজিত হতে যাচ্ছে। আর এই আয়োজনের নাম দেওয়া হয়েছে, 'বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ'। গোটা ভারতের কোটি কোটি তরুণ-তরুণী এতে অংশগ্রহণ করবেন। গ্রাম, ব্লক, জেলা, রাজ্য পর্যায় থেকে বাছাই করা এরকম দু হাজার তরুণ-তরুণী ভারত মন্ডপমে 'বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগে' যোগ দেবেন।

*******************

**Parliament seesion:**

আগামীকাল থেকে শুরু হচ্ছে সংসদের শীতকালীন অধিবেশন। নতুন দিল্লিতে সরকার আহুত সর্বদলীয় বৈঠকের পর সাংবাদিকদের সাথে কথা বলার সময়, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন, শীতকালীন অধিবেশনে সরকার যে কোনো বিষয়ে আলোচনা করতে প্রস্তুত। বৈঠকে সভাপতিত্ব করেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। শীতকালীন অধিবেশন চলবে ২০ ডিসেম্বর পর্যন্ত। সংবিধান গৃহীত হওয়ার ৭৫-তম বর্ষ উদ্‌যাপন করতে ২৬ নভেম্বর পুরনো সংসদ ভবনের সেন্ট্রাল হলে সংবিধান দিবস পালন করা হবে।

*******************

**President:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গুরু ত্যাগ বাহাদুরকে তাঁর শহীদ দিবসে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি বলেছেন, গুরু ত্যাগ বাহাদুর ছিলেন একজন মহান আধ্যাত্মিক পথ প্রদর্শক এবং একজন সত্যিকারের দেশপ্রেমিক যিনি প্রেম ও ঐক্যের প্রচার করেছিলেন এবং মানুষকে সত্য ও ন্যায়ের জন্য লড়াই করতে উৎসাহিত করেছিলেন।

*******************

**Governor:**

রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু বলেছেন, এনসিসির সঙ্গে যুক্ত যুবরা দেশাত্মবোধে উদ্‌বুদ্ধ হয়ে দেশের ঐক্য ও সংহতি রক্ষায় বলিষ্ঠ ভুমিকা পালন করছে। তাদের কঠিন পরিশ্রম, দায়বদ্ধতা, শৃঙ্খলাবোধ দেশকে আরও শক্তিশালী করছে। আজ লিচুবাগানস্থিত এলবার্ট এক্কা পার্কে ৭৬ তম এনসিসি দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত ম্যারাথন দৌড় ও সাইকেল রেলির সূচনা অনুষ্ঠানে তিনি একথা বলেন ।

এনসিসি এলামনি অ্যাসোসিয়েশন ও এন সি সি ত্রিপুরা ১৩ নাম্বার ব্যাটেলিয়ানের যৌথ উদ্যোগে ৭৬তম এন সি সি দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী টিংকু রায়, ১৩ নম্বর এনসিসি ব্যাটেলিয়নের কমান্ডিং অফিসার সি রাজশেখর। এন সি সি'র পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অফ অনার দেওয়া হয়। পরে শহীদ বেদীতে পুষ্পার্ঘ অর্পণ করেন রাজ্যপাল। ৭৬ তম এনসিসি দিবসের অঙ্গ হিসাবে এনসিসি ক্যাডারদের নিয়ে তিনি কেক কাটেন ও পরে পতাকা নেড়ে মারাথন দৌড়ের সূচনা করেন । তাছাড়া তিনি নিজে সাইকেল চালিয়ে সাইকেল রেলিতে অংশগ্রহণ করেন ।

*******************

**CM- Blood donation:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বেচ্ছা রক্তদান রাজ্যে সামাজিক আন্দোলনের রূপ পাচ্ছে। আজ আগরতলায় এগিয়ে চলো সংঘের প্রাঙ্গণে অল ত্রিপুরা হোটেল অ্যান্ড রেস্টুরেন্ট ওনার্স অ্যাসোসিয়েশন আয়োজিত রক্তদান শিবিরে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রক্তের চাহিদা এবং যোগানের মধ্যে সামঞ্জস্য বজায় রাখা খুবই গুরুত্বপূর্ণ। রক্ত সঞ্চালন পর্ষদ এদিকে সতর্ক নজর রাখছে।

অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলার মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, অল ত্রিপুরা মার্চেন্ট অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান রতন সাহা, এগিয়ে চলো সংঘের সভাপতি চঞ্চল নন্দী প্রমুখ উপস্থিত ছিলেন। শিবিরে ১০০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*******************

**Blood donation:**

সিপিআইএম-এর ডুকলি কার্যালয়ে আজ এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা ও সি পি আই (এম) রাজ্য সম্পাদক জীতেন্দ্র চৌধুরী, বিধায়ক রামুদাস, সি পি আই (এম) নেতা রাজকুমার চৌধুরী, সমর চক্রবর্তী প্রমুখ। রক্তদান শিবিরে মোট ৭৬ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*******************

**Blind associations state conference:**

অল ত্রিপুরা ব্লাইন্ড এসোসিয়েশনের চতুর্দশ-ত্রিবাষির্ক রাজ্য সম্মেলন আজ আগরতলার উমাকান্ত একাডেমীর মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সম্মেলনে উপস্থিত ছিলেন ওড়িশা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি শুভাশিস তলাপাত্র, ত্রিপুরা মূক বধির সমিতির সভাপতি হরিদাস দত্ত, ত্রিপুরা প্রতিবন্ধী অধিকার মঞ্চের সাধারণ সম্পাদক সলিল বরণ দেববর্মা ও বরিষ্ঠ আইনজীবী

পুরুষোত্তম রায় বর্মন। স্বাগত ভাষণে এসোসিয়েশনের সভাপতি সনাতন দেবনাথ বলেন, এই সম্মেলনের মূল উদ্দেশ্য হল রাজ্যের যে সকল প্রতিবন্ধী ব্যক্তিরা এখনও পিছিয়ে রয়েছেন, তাঁদের জন্য একটা মঞ্চ তৈরি করা। সম্মেলনে সম্পাদকীয় প্রতিবেদন পেশ করেন এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মিঠুন সাহা। এসোসিয়েশনের পক্ষ থেকে আজ ত্রিশ জন দৃষ্টিহীনের হাতে চলন সহায়ক সামগ্রী তুলে দেওয়া হয়।

*******************

**Blind Committe:**

অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির এক সভা আজ আগরতলায় অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি ব্রজহরি দেবনাথের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় আগামী ৩রা ডিসেম্বর আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস এবং ৪ঠা জানুয়ারী লুইস ব্রেলের জন্মদিবস পালনের সিদ্ধান্ত হয়।

*******************

**Blood Donation -DYFI:**

ভারতের গনতান্ত্রিক যুব ফেডারেশনের উদ্যোগে আজ শান্তিরবাজার মহকুমায় পতিছড়ি ড্রপগেইট সিপিআইএম কার্যালয়ে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২৮ জন যুবক স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন প্রাক্তন এমডিসি পরীক্ষিত মুড়াসিং

*******************

**MLA Dipankar sen:**

বিধায়ক দীপংকর সেন আজ বিলোনিয়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রতনবাড়ি পরিদর্শন করেন। তিনি এলাকার স্থানীয় মানুষদের সঙ্গে কথা বলে রাস্তাঘাট, পানীয় জল সহ অনান্য সমস্যাগুলি সম্পর্কে অবহিত হন। এই সমস্যাগুলি সমাধানের জন্য প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হবে বলে তিনি আশ্বাস দেন।

*******************

**Football, Minister Tunku Roy:**

কসবেশ্বরী নক-আউট ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হয়েছে জম্পুইজলা প্লে -সেন্টার। আজ সিপাহীজলা জেলার মধুপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে আয়োজিত ফাইনাল ম্যাচে জম্পুইজলা প্লে -সেন্টার ৪-৩ গোলের ব্যবধানে ব্রাদার্স ইউনাইটেডকে পরাজিত করে।

আজ পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়, বিধায়ক অন্তরা সরকার দেব, তফাজ্জল হোসেন ও মীনারানী সরকার।

*******************

**AG-Sports:**

AG ত্রিপুরা অফিসের পরিচালনায় তিনদিন ব্যাপী পূর্বাঞ্চল ক্যারাম প্রতিযোগিতা আজ আগরতলায় শুরু হয়েছে। ত্রিপুরা সহ পূর্বাঞ্চলের মোট ১০টি দল এই আসরে অংশ নেয়। মোট ৬৮ জন খেলোয়াড় পুরুষ ও মহিলা বিভাগে এই আসরে অংশ নিয়েছেন।

*******************

**Teacher expired:**

ক্রীড়া দপ্তর কর্মরত শারীর শিক্ষক অভিনয় দেববর্মা আজ রাজধানী আগরতলার কৃষ্ণনগরে নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৩ বছর। প্রাক্তন জুডো খেলোয়াড় ও প্রশিক্ষকের মৃত্যুতে ক্রীড়ামোদী মহলে শোকের ছায়া নেমে এসেছে।

*******************

*******************